

‘বাংলায় অনুমোদিত’

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

চাকা

সার্কুলার পত্র নং এফইপিডি(রঞ্জানি)২২০/২০১২-২৬

তারিখঃ ডিসেম্বর ০৯, ২০১২

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

অন-লাইন ব্যবস্থায় বৈদেশিক মুদ্রা লেনদেন রিপোর্টিং প্রসংগে।

গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন (জিএফইটি), ভলিউম-১ ও ২ এবং তদ্পরবর্তী জারিকৃত এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা অনুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংক সংশ্লিষ্ট বিবরণী/রিটার্ন বাংলাদেশ ব্যাংকে দাখিল করে থাকে।

০২। অন-লাইন ব্যবস্থায় ওয়েব পোর্টালের মাধ্যমে বিবরণী সংগ্রহের জন্য বাংলাদেশ ব্যাংক উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগের আওতায় ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট (এফইওডি) অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক রঞ্জানি বাণিজ্য বিষয়ে অন-লাইন ব্যবস্থায় দাখিলকৃত রিপোর্টের ভিত্তিতে মনিটরিং এর কাজ ইতিমধ্যে শুরু করেছে। রঞ্জানি বাণিজ্য সম্পর্কিত লেনদেন ছাড়াও বাংলাদেশ ব্যাংক অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঝণপত্রের আওতায় সম্পাদিত বৈদেশিক মুদ্রা লেনদেনসহ বহির্বিষ্টের সাথে সংঘটিত সকল প্রকার বৈদেশিক মুদ্রায় লেনদেন বিষয়ে অন-লাইন রিপোর্টিং ব্যবস্থা প্রবর্তন করেছে। জানুয়ারী ০১, ২০১৩ হতে সম্পাদিত সকল বৈদেশিক লেনদেন প্রতিদিন ভিত্তিক ওয়েব পোর্টালের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের এফইওডি-তে দাখিল করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। জিএফইটি এবং তদ্পরবর্তী জারিকৃত এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা অনুযায়ী বিবরণী/রিটার্ন প্রবর্তী নির্দেশনা জারি না করা পর্যন্ত অব্যাহত থাকবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষর

(মোঃ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯২